

### জীবিত ক্লাস ও পরীক্ষার জন্য বিশেষ ব্যবস্থা

#### ■ জবি সংবাদদাতা

চলমান রাজনৈতিক অস্থিরতার কারণে বিঘ্নিত হওয়া ছাত্রছাত্রীদের শেখাপড়ার সুবিধার্থে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ১৮ জানুয়ারি থেকে শনিবারও খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ সময়ে সকল বিভাগে ক্লাস ও পরীক্ষা চলবে।

শুভ বুধবার উপাচার্যের সভাপতিত্বে ট্রেজারার ডিন শ. রেজিস্টার, সকল বিভাগীয় চেয়ারম্যান, প্রক্টর, পরিচালক (ছাত্র কল্যাণ), পরীক্ষা নিয়ন্ত্রক এবং পরিবহন প্রশাসক-এর সমন্বয়ে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে আগামী ৩০ জুন পর্যন্ত প্রতি শনিবারও (রবিবার-বৃহস্পতিবারসহ) যথাযথ সর্বস্ব বিভাগীয় ক্লাস ও পরীক্ষা চলবে। এ সময়ে বিভিন্ন রুটে চম্বাচলকৃত বিশ্ববিদ্যালয়ের পরিবহনসমূহ নির্ধারিত সময়সূচি অনুসারে চলবে। তবে প্রশাসনিক দপ্তরসমূহ বন্ধ থাকবে বলে প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।